



**গ্রামীণ কৃষি মৌসম সেবা**  
ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ  
বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়  
মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



## কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 05-04-2024

নদীয়া(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-04-05 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-04-06	2024-04-07	2024-04-08	2024-04-09	2024-04-10
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	0.0	7.0	12.0	8.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	38.0	38.0	37.0	35.0	36.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	24.0	25.0	25.0	24.0	23.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	41	48	43	36	45
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	11	10	13	15	21
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	11	11	15	16	9
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	285	285	243	288	270
মেঘের অবস্থা (ওকটা)	0	3	8	8	7

### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

\*আগামী কয়েকদিন বৃষ্টিহীন থেকে হালকা বৃষ্টির (7.4.24 to 9.4.24 ) সম্ভাবনা আছে। \* আগামী কয়েকদিন আকাশ পরিষ্কার থেকে আংশিক মেঘলা থাকার সম্ভাবনা রয়েছে। \* আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 36 % to 48% থাকার সম্ভাবনা রয়েছে। \* সর্বোচ্চ তাপমাত্রা 35.0-38.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে। \* সর্বনিম্ন তাপমাত্রা 23.0-25.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

### সাধারণ পরামর্শাবলী::

মেঘদূত ওয়েদার অ্যাপকে স্মার্ট ফোনে প্লে স্টোর থেকে ডাউন লোড করে নিন এর মাধ্যমে আবহাওয়ার পূর্বাভাস ও কৃষি ভিত্তিক পরামর্শ দর্শ ওয়া হয়, আপনারা পরামর্শ এর জন্য এই মোবাইল এপ্লিকেশন টি ব্যবহার করুন।

### বার্তামূলক পরামর্শ:

আগামী 7.4.24 to 9.4.24 হালকা বৃষ্টির সম্ভাবনা আছে; স্প্রেয়িং, সারপ্রয়োগ, পরিণত ফসল কাটার কাজ করবেন না।

### ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	পাশকাঠি দশা / পুষ্পমঞ্জুরী বিন্যাস পর্যায় : যারা চারা তৈরি করে মূল জমিতে রোয়া করে দিয়েছেন তাদের এখন সুসংহত উপায়ে আগাছা নিয়ন্ত্রন , রোগপোকা দমন , সঠিক সময়ে ও মাত্রায় সার প্রয়োগের বিষয়টি মাথায় রাখতে হবে। রোয়ার ১৫ দিন পর ( চারার বয়স ৩ সপ্তাহ ) প্রথম চাপান ও চারার বয়স ৬ সপ্তাহ হলে দ্বিতীয় চাপান দেবেন। মাটি পরীক্ষার ভিত্তিতে অনুখাদ্য দিলে ফলাফল ভালো হতে পারে। জিঙ্ক অনুখাদ্যের অভাব মেটাতে একর প্রতি ১০ কেজি জিঙ্ক

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
	সালফেট মূল সার বা প্রথম চাপানের সাথে দিতে হবে অথবা রোয়ার ১ মাস ও ১.৫ মাস পর প্রতি লিটার জলে .৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করা যায়। বোরন অনুখাদ্যের অভাব হলে ১-২ কেজি বোরক্স প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে হবে। চারা রোয়ার পর থেকে ধান কাটার ১০-১৫ দিন আগে পর্যন্ত ২.৫ সেমি জল ধরে রাখুন। আগাছা দমনের জন্য রোয়ার ৩-৪ দিন বাদে প্রেটিলাক্লোর স্প্রে করতে হবে। রোয়ার ১০ দিন ও ২০ দিন বাদে আগাছা দমন করুন।

### উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
আম	পুষ্পমঞ্জুরী আসার দশা / ফল ধরার দশা : আমবাগানে ফড়িং জাতীয় পোকার পর্যবেক্ষণ করুন এবং পোকা দ্বারা ক্ষতিগ্রস্ত পুষ্পমঞ্জুরি বিনষ্ট করে ফেলুন।